

## ট্রেডমার্ক নিবন্ধনের আবেদনের নিয়মাবলী

ট্রেডমার্ক নিবন্ধনের আবেদনের জন্য নির্ধারিত ফরম রয়েছে। উক্ত ফরমটি এ দপ্তরের ওয়েবসাইটের ([www.dpdt.gov.bd](http://www.dpdt.gov.bd) অথবা <http://dpdt.portal.gov.bd>) Form & Fees লিংকের Trademarks উপলিংকে Form TM -1 হিসেবে পাওয়া যাবে। উক্ত ফরমটি download করে যথাযথভাবে কম্পিউটারে ৪(চার) সেট পূরণ করতে হবে। পূরণকৃত ফরম যথাযথ ফি (অনুচ্ছেদ ১৩ ) ও প্রয়োজনীয় দলিলাদিসহ এ অফিসের (৯১, মতিঝিল বা/এ, ঢাকা) নিচ তলায় অবস্থিত তথ্য ও সেবা কেন্দ্রে জমা দিতে হবে। তথ্য ও সেবাকেন্দ্র সঠিকভাবে পূরণকৃত প্রাপ্ত দরখাস্ত গ্রহণপূর্বক দরখাস্তকারীকে ক্রমিক নম্বর সহ একটি প্রাপ্তি স্বীকারপত্র দিবেন। উল্লেখ্য যে, চট্টগ্রাম বিভাগের দরখাস্ত এ দপ্তরের চট্টগ্রামস্থ শাখা অফিসে (কক্ষ নং-২১৮, সরকারি কার্য ভবন-১, আগ্রাবাদ, চট্টগ্রাম) জমা দিতে হবে। দরখাস্ত ফরম পূরণ করা ও জমা দেওয়ার বিস্তারিত নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হ'লঃ

১) ISO A4 সাইজ এবং অনূন্য ৮০ জি এম এস কাগজে আবেদন ফরম পূরণ করতে হবে।

২) শ্রেণীর বিবরণঃ পৃথক পৃথক শ্রেণীভুক্ত পণ্য বা সেবার ক্ষেত্রে পৃথক পৃথক আবেদন করতে হবে এবং আবেদন ফরমের নির্ধারিত স্থানে পণ্য/সেবা কোন শ্রেণীভুক্ত তা উল্লেখ করতে হবে। কোন ধরনের পণ্য বা সেবা কোন শ্রেণীর অন্তর্ভুক্ত তা এ দপ্তরের ওয়েবসাইটের Resource লিংকের NICE Classification উপলিংকে পাওয়া যাবে।

৩) মার্ক বা লেবেলের বিবরণঃ লেবেল আঁটানোর জন্য আবেদনপত্রের নির্ধারিত স্থানে পরিমিত সাইজ ও টেকসই কাগজের লেবেল আঠা দিয়ে লাগাতে হবে। লেবেল হিসেবে কোন মোড়ক/প্যাকেট/ফটোকপি গ্রহণযোগ্য হবে না। লেবেলের মধ্যে কোনটি প্রার্থিত ট্রেডমার্ক তা সুনির্দিষ্টভাবে (TM) চিহ্নিত করে দিতে হবে। উপযুক্ত প্রমাণাদি ছাড়া লেবেলে (R) , BSTI, ISO বা এ ধরনের কোন সংস্থার লোগো থাকতে পারবে না। লেবেল/লোগোতে বাংলা/ইংরেজি ব্যতীত অন্য কোন ভাষা থাকলে আবেদনপত্রের ৬ নং কলামে তার Translation এবং Transliteration দিতে হবে। লেবেল /লোগোতে কোন ব্যক্তির ছবি ব্যবহৃত হলে সংশ্লিষ্ট ব্যক্তির/অভিভাবকের অনাপত্তি পত্র জমা দিতে হবে।

৪) আবেদন ফরমের ৩ নং কলামে মার্কের বর্ণনা দাখিল করতে হবে।

৫) পণ্য/সেবার বিবরণঃ আবেদন ফরমের নির্ধারিত স্থানে পণ্য/সেবার বিবরণ দিতে হবে।

৬) আবেদন ফরমের ৭ নং কলামের ক অংশে ব্যক্তির নাম ও তথ্যাবলী ( Proprietorship এর ক্ষেত্রে) এবং খ অংশে কোম্পানীর নাম ও তথ্যাবলী ( Ltd. কোম্পানীর ক্ষেত্রে) উল্লেখ করতে হবে। আবেদনকারী কোম্পানী হলে কোম্পানীটি কোন আইনে গঠিত তা উল্লেখ করতে হবে। যেমন- A company organized and existing under the laws of Bangladesh.

৭) আবেদন ফরমের ৭ নং কলামের গ অংশে কোম্পানীর ব্যবসার ধরণ জানাতে হবে। যেমন- প্রস্তুতকারক, আমদানীকারক এবং সেবাদানকারী।

৮) আবেদন ফরমের ৭ নং কলামের ক অথবা খ অংশে আবেদনকারীর পত্র যোগাযোগের পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ করতে হবে।

৯) আবেদন ফরমের ১০ নং কলামে প্রার্থীত মার্কেটের সুনির্দিষ্ট তারিখসহ ব্যবহারকাল উল্লেখ করতে হবে। প্রার্থীত মার্কেট ইতোমধ্যে ব্যবহৃত না হয়ে থাকলে উক্ত স্থানে “Proposed to be used” লিখতে হবে।

১০) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আবেদনকারীর পূর্ণ নাম, স্বাক্ষর, পদবী, ই-মেইল, মোবাইল/টেলিফোন নম্বর উল্লেখ করতে হবে।

১১) আবেদনকারী ‘Priority Claim’ করলে তার সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি দাখিল করতে হবে এবং আবেদনের ১১ নং কলাম যথাযথভাবে পূরণ করতে হবে।

১২) মার্কেটের স্বত্বাধিকারী নিজে বা তার আইনজীবী বা তালিকাভুক্ত এজেন্ট এর মাধ্যমে আবেদনপত্র দাখিল করতে পারবেন। আইনজীবী বা তালিকাভুক্ত এজেন্ট এর মাধ্যমে আবেদনপত্র দাখিল করলে মূল/সত্যায়িত GPA/PA (TM-10) ফরমে যথাযথ স্ট্যাম্পসহ (GPA এর ক্ষেত্রে ১০০০/-, PA এর ক্ষেত্রে ৫০০/- ) দাখিল করতে হবে।

১৩) আবেদন ফি ( একটি শ্রেণীর এক বা একাধিক ধরণের পণ্য/ সেবার ক্ষেত্রে ৩৫০০/-) রেজিস্ট্রার, ডিপিডি এর অনুকূলে যে কোন তফসিল ব্যাংকের বিপরীতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে দাখিল করতে হবে।

১৪) আবেদন দাখিলের পূর্বে আবেদনকারী চাইলে, প্রার্থীত মার্কেট ইতোমধ্যে কোন পণ্য /সেবার ক্ষেত্রে নিবন্ধিত/আবেদিত কিনা তা নির্ধারিত ফি সহ (১০০০/-) TM-4 ফরমে আবেদন দাখিলের মাধ্যমে ২ (দুই) সপ্তাহের মধ্যে জানতে পারবেন।

১৫) আবেদনকারী কর্তৃক দাখিলকৃত দরখাস্ত পরীক্ষা-নিরীক্ষার পর কোন আপত্তি না থাকলে প্রার্থীত মার্কেট জার্গালে প্রকাশের জন্য অনুমোদন দেওয়া হয়। উক্ত বিষয়টি আবেদনকারীকে অবগত করানো এবং মার্কেট জার্গালে প্রকাশের জন্য প্রয়োজ্য ফি ১০০০/- (এক হাজার টাকা) দাখিল করার জন্য TMR-5 নোটিশ প্রেরণ করা হয়।

১৬) আবেদনকারী নোটিশ প্রাপ্তির ০১ (এক) মাসের মধ্যে জার্গাল ফি প্রদান না করিলে প্রার্থীত মার্কেট নোটিশ প্রদানপূর্বক পরিত্যক্ত ঘোষণা করা হয়।

১৭) যথাযথ জার্গাল ফি প্রদান করিলে প্রার্থীত মার্কেট জার্গালে বিজ্ঞপ্তির জন্য বি.জি প্রেসে মুদ্রনের জন্য প্রেরণ করা হয়।

১৮) বি.জি প্রেস থেকে মুদ্রনের পর অপোজিশনের জন্য ২ (দুই) মাস সময় নির্ধারিত থাকে।

১৯) নির্ধারিত ২ (দুই) মাস সময়ের মধ্যে প্রার্থীত মার্কেটের বিরুদ্ধে অপোজিশন মামলা না হলে আবেদনকারী জার্গাল দেখে TM-11 এর মাধ্যমে নির্ধারিত ফি ১৫,০০০/- (পনের হাজার টাকা) সহ ট্রেডমার্ক নিবন্ধন সনদের জন্য আবেদন করবেন।